

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

নং- ২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৪৪.১৬-৪৭

তারিখঃ ২৩ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০১৬ খ্রিষ্টাব্দ


পিইসি সভার বিজ্ঞপ্তি

বিষয়ঃ “পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ২৫ লক্ষ গ্রাহক সংযোগ”- শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তাবিত “পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ২৫ লক্ষ গ্রাহক সংযোগ”-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)র সভা আগামী ১৭/০৪/২০১৬ তারিখ রবিবার সকাল ১১-০০ ঘটিকায় পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর সনোেলন কক্ষে (ব্লক-১০, কক্ষ-৩) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের নিম্নে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। সভার কার্যপত্র এবং প্রস্তাবিত ডিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।


(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ kzaman050870@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিরাজুন নূর চৌধুরী, উপ-সচিব, বাজেট অধিশাখা-১৫)।
- ৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃ আঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সহকারী সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
(২০ জন কর্মকর্তার চা-নাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

বিষয়ঃ পিইসি সভার জন্য কার্যপত্র

১। প্রকল্পের নামঃ পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ২৫ লক্ষ গ্রাহক সংযোগ।

২। উদ্যোগী মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাঃ

(ক) বিভাগ /মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

(খ) বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)।

৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ

(কোটি টাকায়)

জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থার নিজস্ব	মোট
৪৬০.৬২১৫	৭৭১.৪০০৫	-	১২৩২.০২২০

৪। প্রকল্পের বাস্তবায়নকালঃ জানুয়ারি, ২০১৬ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত।

৫। প্রকল্পের অর্থায়নঃ

(কোটি টাকায়)

অর্থায়নের প্রকৃতি	জিওবি	সংস্থার নিজস্ব	প্রকল্প সাহায্য	মোট	প্রকল্প সাহায্যের উৎস
১	২	৩	৪	৫	৬
(ক) ঋণ	-	-	৭৭১.৪০০৫	৭৭১.৪০০৫	Asian Infrastructure Investment Bank (AIIB)
(খ) অনুদান	-	-	-	-	
(গ) ইকুইটি	৪৬০.৬২১৫	-	-	৪৬০.৬২১৫	
(ঘ) অন্যান্য	-	-	-	-	
মোট	৪৬০.৬২১৫	-	-	১২৩২.০২২০	

৬। এডিপিতে অন্তর্ভুক্তিঃ

প্রস্তাবিত প্রকল্পটি ২০১৫-২০১৬ অর্থ বছরের এডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত নেই। তবে ২০১৫-১৬ অর্থ বছরের আরএডিপিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটি প্রক্রিয়াকরণের পূর্বে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদন নেয়া হয়েছে।

৭। প্রকল্প এলাকাঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৭৭ টি পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস)।

৮। প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- পল্লী এলাকায় বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন সাধন;
- ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা পূরণ; এবং
- ২৫ লক্ষ নতুন গ্রাহক সংযোগ প্রদান।

৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমিঃ

বর্তমান সরকার “২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ” নিশ্চিত করণে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছে। সরকারের এই লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের মাধ্যমে বিদ্যুৎ সেবা প্রদান করে আসছে। বর্তমানে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ২৯৪৫৪১ কিঃমিঃ লাইনের মাধ্যমে ১৪২ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সেবা প্রদান করে আসছে। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড একটি ইন হাউজ ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করেছে। স্টাডি রিপোর্ট অনুযায়ী বর্তমানে বাপবিবোর্ডের বিদ্যুতায়িত এলাকায় কোন বৈদ্যুতিক লাইন নির্মান ব্যতিরেকে শুধুমাত্র ট্রান্সফরমার পরিবর্তন করে সার্ভিস ড্রপ এর আওতায় আরও ২৫ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সুবিধা প্রদান করা সম্ভব। উল্লেখ্য, সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০১৬-২০২০ সালের এর মধ্যে বাপবিবোর্ডের আওতায় ৭০ লক্ষ নতুন গ্রাহক সংযোগের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ অবস্থায় সরকারের ভিশন ২০২১, ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং বিদ্যুৎ উৎপাদন পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে দেশব্যাপী বর্তমান বিতরণ ব্যবস্থায় শুধুমাত্র সার্ভিস ড্রপের আওতায় গ্রাহক সংযোগের লক্ষ্যে “পল্লী বিদ্যুতায়নের মাধ্যমে ২৫ লক্ষ গ্রাহক সংযোগ”-শীর্ষক প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

১০। প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রমঃ

প্রকল্পের প্রস্তাবিত মূল কার্যক্রম (ডিপিপি পৃঃ-১১):

- বিতরণ ট্রান্সফরমার ক্রয় : ৬৫০০০টি।
- ইলেক্ট্রিক মিটার ক্রয় (১ফেইজ ও ৩-ফেইজ) : ২৫০০০০০টি।
- কন্ডাক্টর ক্রয় : ৭৫৬৫১ কিঃ মিঃ।
- গ্রাহক সংযোগ : ২৫ লক্ষ।

১১। প্রকল্পের আয় ব্যয় বিশ্লেষণ (লাভজনক/অলাভজনক) (ডিপিপি পৃঃ ১১)

(ডিসকাউন্ট রেট ১২%)

	আর্থিক	অর্থনৈতিক
NPV	১১৩০৭.০৯ লক্ষ	৮৯২০৯৭.৬৩ লক্ষ
BCR	১.০০	১.৩০
IRR	১৩.৩৫	১৭.৮৯

১২। পরিকল্পনা কমিশনের মতামতঃ

১২.১ চলতি ২০১৫-১৬ অর্থ-বছরের তিন চতুর্থাংশ অতিক্রান্ত হয়েছে। এ অর্থবছরের অবশিষ্ট সময় সীমার মধ্যে প্রকল্প অনুমোদিত হলেও এ প্রকল্পের বিপরীতে অর্থ ব্যয় অনিশ্চিত হয়ে যাবে বলে প্রতীয়মান হয়। এ প্রেক্ষাপটে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০১৬ থেকে জুন, ২০১৮ পর্যন্ত নির্ধারণ করা যেতে পারে। এ বিষয়ে বিদ্যুৎ বিভাগের মতামত জানা যেতে পারে।

১২.২ প্রকল্পের উদ্দেশ্য পরিপূর্ণ ও প্রাসঙ্গিক হয়নি। ২৫ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হলে আর্থ-সামাজিক, ব্যবসা-বাণিজ্য, অর্থনৈতিক কর্মকাণ্ডসহ বিভিন্ন ক্ষেত্রে প্রভাব পড়বে। তাই উদ্দেশ্য আরো প্রাসঙ্গিক ও পরিচ্ছন্নভাবে প্রণয়ন করা যায়।

১২.৩ অনুচ্ছেদ ৪ এ সঠিক তথ্যের প্রতিফলন হয়নি। লোকেশন হবে বিভাগ, জেলা ও উপজেলা ভিত্তিক। পল্লী বিদ্যুতের জোন ভিত্তিক নয়।

১২.৪ ২৬ নং অনুচ্ছেদে ঋণ সহায়তার সুদের হার, পরিশোধের মেয়াদ, গ্রেস পিরিয়ড ইত্যাদি শর্তসমূহ সন্নিবেশ করা যেতে পারে। ঋণ প্রাপ্তির সর্বশেষ অবস্থা সম্পর্কে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সভাকে অবহিত করতে পারে।

১২.৫ প্রকল্পের সম্ভাব্যতা জরীপ স্বয়ংসম্পূর্ণ হয়নি বলে প্রতীয়মান হয়। সম্ভাব্যতা জরীপে শুধুমাত্র পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন সমিতির মধ্যে প্রস্তাব ২৫ লক্ষ মিটার বন্টন করা হয়েছে। কিন্তু এ বন্টনের ভিত্তি কি তা উল্লেখ করা হয়নি। সমিতির আওতায় বর্তমান গ্রাহক সংখ্যা কত, চাহিদা কত তা নিরূপন করা যথার্থ ছিল। কিন্তু তা করা হয়নি।

১২.৬ Transportation and landing charge বাবদ ৩৭৪৪.৬৬ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এই ব্যয় প্রাক্কলন কিসের ভিত্তিতে হয়েছে এবং এ বাবদ ব্যয় হ্রাস করা যায় কিনা তা সভায় জানা যেতে পারে। এ ছাড়া এ বাবদ ব্যয় আরইবি'র নিজস্ব তহবিল থেকে নির্বাহ করা যায় কিনা তাও সভাকে জানানো যেতে পারে।

১২.৭ প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার প্রক্রিয়া হিসেবে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহবানের (ICT) বিষয়টি উল্লেখ রয়েছে। আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহবানের সুবিধা বিদ্যুৎ বিভাগ সভাকে অবহিত করতে পারে।

১২.৮ ডিপিপি'র ১১ এবং ৩৬ নং পৃষ্ঠায় মিটারের সংখ্যার ২৫ লক্ষ উল্লেখ করা হয়েছে। অপরদিকে ডিপিপি'র ২৩ নং পৃষ্ঠায় মিটারের সংখ্যা ২৪.৯৯৫ লক্ষ উল্লেখ করা হয়েছে। তা সংশোধন করা প্রয়োজন। অধিকন্তু ডিপিপি'তে ১-ফেইজ ও ৩-ফেইজ মিটারের সংখ্যা আলাদাভাবে উল্লেখ করা সমীচীন এবং তা ক্রয় পরিকল্পনায় প্রতিফলন করা প্রয়োজন।

১২.৯ ডিপিপি'র ১৮ ও ১৯ নং অনুচ্ছেদে (পৃঃ ৮-৯) প্রস্তাবিত প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয়ের ভিত্তি সম্পর্কে ০২টি প্রকল্পের দরের সাথে তুলনা করা হয়েছে। তাতে দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের সকল আইটেমের দর চলমান প্রকল্প ০২টির দরের চেয়ে তুলনামূলকভাবে কম। চলমান প্রকল্পের চেয়ে প্রস্তাবিত প্রকল্পের দর কম হওয়ার যৌক্তিকতা সভায় অবহিত করা যেতে পারে।

১২.১০ সম্প্রতি অনুমোদিত ১৫ লক্ষ গ্রাহক সংযোগ প্রকল্পের সাথে প্রস্তাবিত প্রকল্পের ডিজাইন ও সুপারভিশন বাবদ প্রতি কিঃ মিঃ এর জন্য পরামর্শক সেবার তুলনামূলক ব্যয় সম্পর্কে সভায় জানা যেতে পারে।

১২.১১ ৭৯৮১ কোডে (Misc. Capital Expenditure) খাতে ২০০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এ খাতে ব্যয় প্রাক্কলন ও যৌক্তিকতা সম্পর্কে আরইবি সভাকে অবহিত করতে পারে।

১২.১২ যেহেতু প্রকল্পের জন্য প্রকল্প পরিচালক প্রেষণে পদায়নের প্রস্তাব করা হয়েছে তাই প্রাধিকার অনুযায়ী উক্ত কর্মকর্তা গাড়ী ব্যবহার করছেন। বিধায় গাড়ী বাদ দেয়া যেতে পারে। বাপবিবো তার নিজস্ব তহবিল থেকে এ ব্যয় নির্বাহ করতে পারে।

(মোঃ খলিলুর রহমান খান)
যুগ্ম-প্রধান

সংলগ্নী-ক

প্রকল্পের অংশভিত্তিক ব্যয় বিভাজন (ডিপিপি পৃঃ ৪):

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	আইটেম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়		
			জিওবি	প্রকল্প সাহায্য	মোট
(ক) রাজস্ব ব্যয়ঃ					
১	সরবরাহ ও সেবা	থোক	৬৮২৪.৪২	-	৬৮২৪.৪২
২	মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন	থোক	১.১৩	-	১.১৩
উপ-মোট (রাজস্ব):			৬৮২৫.৫৫		৬৮২৫.৫৫
(খ) মূলধন ব্যয়ঃ					
৩	মোটর যান	জীপ ১টি	৮০.০০	-	৮০.০০
৪	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	২সেট	১.২০	-	১.২০
৫	আসবাবপত্র	লট	৩.০০	-	৩.০০
৬	অন্যান্য (এয়ার কুলার, ফটোকপি মেশিন)	থোক	২.০০	-	২.০০
৭	বিভিন্ন আইটেমের যন্ত্রপাতি	লট	-	৭৪৮৯৩.২৬	৭৪৮৯৩.২৬
৮	সিডি-ভ্যাট		৩৭৬০৮.৭৯	-	৩৭৬০৮.৭৯
৯	বিবিধ মূলধন ব্যয়	থোক	২০০.০০		২০০.০০
উপ-মোট (মূলধন):			৩৭৮৯৪.৯৯	৭৪৮৯৩.২৬	১১২৭৮৮.২৫
(গ) প্রাইস কন্ট্রোলিং:			১৩৪১.৬৩	২২৪৬.৮০	৩৫৮৮.৪১
সর্বমোটঃ (ক+খ+গ)			৪৬০৬২.১৬	৭৭১৪০.০৫	১২৩০৬২.২১